

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৩১

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - শিঙ্গায় ফুৎকার

اَلْفَصِيْلُ التَّالِثُ (بَابِ النفخ فِي الصُّور)

### আরবী

وَعَن أَبِي رِزِينِ الْعَقِيلِيِّ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ كَيْفَ يُعِيدُ الله الْخلق؟ مَا آيَةُ ذَلِكَ فِي خَلْقِهِ؟ قَالَ: «أَمَا مَرَرْتَ بِوَادِي قَوْمِكَ جَدْبًا ثُمَّ مَرَرْتَ بِهِ يَهْتَزُّ خَضِرًا؟» قُلْتُ: نَعَمْ. قَالَ: فَتِلْكَ آيَةُ اللَّهِ فِي خلقه (كَذَلِك يحيي اللَّهُ الْمَوْتَى) رَوَاهُمَا رِزِين

اسناده حسن ، رواه رزین (لم اجده) [و احمد (4 / 11 ، 12 ح 16294 ، 16297)

#### বাংলা

৫৫৩১-[১১] আবূ রযীন আল 'উক্কায়লী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি বললাম, হে আল্লাহর রাসূল! আল্লাহ তা'আলা তাঁর সৃষ্টিজগতকে কিভাবে পুনরুখান করবে, তার সৃষ্টির মধ্যে তার কোন চিহ্ন আছে কি? তিনি (সা.) বললেন, আচ্ছা বল দেখি। তুমি কি তোমার এলাকার (খরার সময়) কোন তৃণ মাঠের উপর দিয়ে অতিক্রম করনি? অতঃপর (বৃষ্টি বর্ষণের পরে) যখন তুমি সেই মাঠের উপর দিয়ে চলাচল কর তখন তা বাতাসে দোলায়িত তরতাজা ঘাস ইত্যাদিতে রূপান্তরিত হয়ে যায়? আমি বললাম, হ্যা দেখেছি। এবার তিনি (সা.) বললেন, আল্লাহর সৃষ্টিজগতে এটাই তার বাস্তব নিদর্শন। এভাবেই আল্লাহ তা'আলা মৃতকে জীবিত করবেন। (হাদীস দুটি রযীন রিওয়ায়াত করেছেন)

## ফুটনোট

সানাদ যঈফ: ওয়াকী ইবনু হাদাস মাজহুলুল হাল; মুসনাদে আহমাদ ১৬২৩৭, হিদায়াহ্ ১৬১।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা:(الْخِصْبُ) যেটা (خَدُبُ)(উর্বর)-এর বিপরীত। ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, (يُهْتَزُّ) অবস্থাসূচক বাক্য



(خَصْبِرًا) শব্দিটি (خَصْبِرًا) এর ভিত্তিতে নসব হয়েছে। উপত্যকার গাছপালার সাথে (اهْتَزَفُلَانُ فَرَحًا) শব্দের ব্যবহার দ্বারা সুন্দর চিত্রের প্রতি ইঙ্গিত প্রদান করা হয়েছে। যেমন বলা হয় (اهْتَزَفُلَانٌ فَرَحًا) (অমুক ব্যক্তি আনন্দে আলোড়িত হয়েছে) অর্থাৎ সে কারণে চঞ্চল হয়েছে।

وَاللَّهُ السَّمُواتِيَّى)"এভাবে আল্লাহ মৃতকে জীবন দান করেন"- (সূরা আল বাকারাহ ২: ৭৩)। সুস্পষ্ট কথা হল- এসব আয়াত আল্লাহ তা'আলার ক্ষমতার চিহ্নের প্রমাণস্বরূপ। ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, নতুনভাবে সৃষ্টি করা এবং পুনরায় সৃষ্টি করার মধ্যে কোন পার্থক্য নেই। আল্লাহ তা'আলার বাণী-

( الله عَلِيهِ عَلَيهِ عَلَيهِ عَلَيهِ عَلَيهِ عَلَيهِ اللهِ عَدِيهِ اللهِ عَدِيمِ اللهِ عَدِيهِ اللهِ عَدِيمِ الهِ عَدِيمِ اللهِ الله

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ রাষীন আল 'উকায়লী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন